

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৪০.২০১৫- ৪৪১

তারিখ : ২৫ শ্রাবণ, ১৪২৫  
০৯ আগস্ট, ২০১৮

বিষয় : ইউপি গ্রামপুলিশগণের (দফাদার ও মহল্লাদার) বেতন বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র : প্রধানমন্ত্রীর কার্যালয় এর পত্র নং-৬৭১, তারিখ: ১২/০৭/২০১৮খ্রি:।


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের মধ্যে সর্বনিম্ন স্তর হচ্ছে ইউনিয়ন পরিষদ। তৃণমূল পর্যায়ে জনগণের দোড়গোড়ায় সরকারের সকল সেবা পৌঁছে দেয়ার জন্য ইউনিয়ন পরিষদ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তৃণমূল পর্যায়ে সকল মন্ত্রণালয়ের জনকল্যাণমূলক কর্মকান্ড পরিচালিত হয় ইউনিয়ন পরিষদের মাধ্যমে। এ সকল কর্মকান্ডসহ পল্লী এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষায় ইউনিয়ন পরিষদের কর্মচারী হিসেবে গ্রামপুলিশগণ (দফাদার ও মহল্লাদার) সহায়তা প্রদান করে থাকে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রামপুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর বিধি-২১ এ গ্রামপুলিশ বাহিনীর দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে উল্লেখ রয়েছে (কপি সংযুক্ত)। গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) বেতন বৃদ্ধির বিষয়ে বাংলাদেশ গ্রামপুলিশ কর্মচারী ইউনিয়ন পরিষদ বিভিন্ন সময় দাবী জানিয়ে আসছে। জেলা প্রশাসক, সুনামগঞ্জ, ঝিনাইদহ, চট্টগ্রাম ও চাঁদপুর দফাদার/মহল্লাদারদের বেতন বৃদ্ধির বিষয়ে সুপারিশ করেছে। এছাড়া গ্রামপুলিশগণের বেতন ভাতা বৃদ্ধির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনুরোধ জানানো হয়েছে।

০২। উল্লেখ্য, অর্থ বিভাগের সম্মতিক্রমে গত ২২/০৬/২০১৫ তারিখের ২৮৫নং স্মারকে দফাদারদের বেতন ২১০০/- টাকা হতে ৩৪০০/- টাকায় এবং মহল্লাদারদের বেতন ১৯০০/- টাকা হতে ৩০০০/- টাকায় নির্ধারণ করা হয়, যা ১ জুলাই, ২০১৫ হতে কার্যকর হয়েছে। যেহেতু সরকারী কর্মচারীগণের বেতনভাতা ইতোমধ্যে উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে সেহেতু মানবিক বিবেচনায় গ্রামপুলিশগণের বেতন-ভাতাদি বৃদ্ধি করা প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, নিম্নবর্ণিত ছকের ৩নং কলাম অনুযায়ী ইউপি গ্রামপুলিশগণের (দফাদার ও মহল্লাদার) বেতন বৃদ্ধিকরণে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পদের নাম (১)	বিদ্যমান বেতন (২)			প্রস্তাবিত বেতন (৩)		
	সরকারী অংশ	ইউপি অংশ	মোট বেতন	সরকারী অংশ	ইউপি অংশ	মোট বেতন
দফাদার	১৭০০/-	১৭০০/-	৩৪০০/-	৩৫০০/-	৩৫০০/-	৭০০০/-
মহল্লাদার	১৫০০/-	১৫০০/-	৩০০০/-	৩২৫০/-	৩২৫০/-	৬৫০০/-

সংযুক্তি : বর্ণনামতো।

  
ড. সৈয়দা নওশীন পগিনী  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৯৫১৪১৯০

সচিব  
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি :

- ১। পরিচালক-১২, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।